**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
প্রশাসন শাখা-৬
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
Website: mohpw.gov.bd

স্মারক নম্বর :- ২৫.০০.০০০০.০১৯.০৫.০১.২০১৮ (অংশ-২)-১১৮

তারিখঃ ০৬ ফাল্গুন ১৪২৬ বঙ্গাব্দ
১৯ ফেব্রুয়ারি ২০২০ খ্রি:

## পরিপত্র

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় তার অধিনস্থ উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক, সিডিএ) সমূহে ঝুঁকিভিত্তিক নকশা অনুমোদন পদ্ধতির প্রবর্তন করতে যাচ্ছে। সকল ইমারতের অনুমোদন পদ্ধতি ০২ (দুই)টি ভাগে বিভক্ত হবে :- ক) কম ঝুঁকিপূর্ণ নির্মাণ অনুমোদন পদ্ধতি, খ) মধ্যম-উচ্চ ঝুঁকিপূর্ণ নির্মাণ অনুমোদন পদ্ধতি।

২। কম ঝুঁকিপুর্ণ নির্মাণ অনুমোদন আবেদনের সাথে নিম্ন লিখিত ছাড়পত্র/অনুমতিপত্র/প্রতিবেদন দাখিল করতে হবে না:

ক) ক্যাডাস্ট্রাল সার্ভে ম্যাপ;
খ) বিশেষ প্রকল্প ছাড়পত্র (প্রস্তাবিত জমি হেরিটেজ স্থাপনার ২৫০মিঃ দূরত্বের মধ্যে অবস্থিত হলে বিশেষ প্রকল্প ছাড়পত্র লাগবে);
গ) সয়েল টেস্ট প্রতিবেদন;
ঘ) স্থানীয় সরকার প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত ছাড়পত্র (সিটি কর্পোরেশন, ওয়ার্ড কমিশনার, পৌরসভা, ইউনিয়ন পরিষদ ইত্যাদি);
ঙ) পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র;
চ) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ছাড়পত্র;
ছ) বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানির ছাড়পত্র;
জ) পানি উন্নয়ন বোর্ড ও ওয়াসা এর ছাড়পত্র;

**কম ঝুঁকিপূর্ণ (Low Risk) ভবন সমূহ :**

| ক্রম | ইমারতের ধরণ/ব্যবহার | শর্ত সমূহ |
|---|---|---|
| ১ | আবাসিক ভবন | ক) অকুপেন্সি টাইপ এ-১ (Occupancy type A-1) (একক পরিবার বাড়ি);<br>খ) জমির পরিমান ০২(দুই) কাঠার কম হবে (১৩৫ বর্গমিটার);<br>গ) সর্বোচ্চ ০৩(তিন) তলা বিশিষ্ট ভবন ( উচ্চতা-১০মিটার);<br>ঘ) ব্যবহারকারীর সংখ্যা ০৬(ছয়) জনের বেশি হবে না;<br>ঙ) উক্ত ইমারত শুধু মাত্র আবাসিক হিসেবে ব্যবহার করা যাবে; |
| ২ | কম দাহ্য পদার্থের গুদাম এবং ওয়্যারহাউজ | ক) সর্বোচ্চ ০৩(তিন) তলা বিশিষ্ট ভবন (উচ্চতা-১৩ মিটার);<br>খ) ভবনের সর্বমোট ফ্লোর এরিয়া ১৩৩৮ বঃমিঃ এর বেশি হবে না ;<br>গ) ভবনে কোন ধরনের গ্যাস সংযোগ/গ্যাস সিলিন্ডার রাখা যাবে না;<br>ঘ) এ ধরনের বিল্ডিং শুধুমাত্র কম দাহ্য পণ্য, সুতা, গার্মেন্টস জাত পণ্য এর গুদামঘর হিসেবে ব্যবহার করা যাবে;<br>ঙ) এ ধরনের ভবন ঢাকা মহানগর ইমারত (নির্মাণ, উন্নয়ন, সংরক্ষণ ও অপসারণ) বিধিমালা, ২০০৮ এর অকুপেন্সি টাইপ-জে (Occupancy type-J) (বিপজ্জনক ব্যবহারের ভবন) হিসেবে ব্যবহার করা যাবে না; |

৩। সর্বোচ্চ ০৭(সাত) কর্মদিবসের মধ্যে কম ঝুঁকিপূর্ণ ভবনের ভূমি ব্যবহার ছাড়পত্র প্রদান করতে হবে।

৪। সর্বোচ্চ ০৭(সাত) কর্মদিবসের মধ্যে কম ঝুঁকিপূর্ণ ভবনের নির্মাণ অনুমোদন করতে হবে (নির্মাণ অনুমোদনের ক্ষেত্রে পরিদর্শন প্রতিবেদনের প্রয়োজন হবে না) এবং ০৫(পাঁচ) কর্মদিবসের মধ্যে অকুপেন্সি সার্টিফিকেট (Occupancy Certificate) প্রদান করতে হবে।

৫। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

১৯/২/২০২০
(লুৎফুন নাহার)
উপসচিব
দূরালাপনী: ৯৫৭০৬৬৯

উপ পরিচালক
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা।

স্মারক নং-২৫.০০.০০০০.০১৯.০৫.০১.২০১৮(অংশ-২)-১১৮

তারিখ : ০৬ ফাল্গুন ১৪২৬
১৯ ফেব্রুয়ারি ২০২০

সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১। চেয়ারম্যান, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজউক ভবন, ঢাকা/ জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, ঢাকা/ চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ।
২। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
৩। প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
৪। সদস্য (প্রশাসন ও অর্থ/পরিকল্পনা/উন্নয়ন/উন্নয়ন নিয়ন্ত্রণ/এস্টেট ও ভূমি), রাজউক/চউক।
৫। পরিচালক, নগর উন্নয়ন অধিদপ্তর, সেগুন বাগিচা, ঢাকা।
৬। পরিচালক (জোন-১/২/৩/৪/৫/৬/৭/৮), উন্নয়ন নিয়ন্ত্রণ-১/২, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজউক ভবন, ঢাকা।
৭। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। সচিব মহোদয়ের একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। অফিস কপি/ মাস্টার ফাইল।

১৯/২/২০২০

(লুৎফুন নাহার)
উপসচিব।